দৈনিক ইত্তেফাক

তারিখ ... DEC. 0 8 1999
পৃষ্ঠা: ৪ কলাম ৫

263

## জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে শিক্ষক নিয়োগে অনিয়ম

সম্প্রতি জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উদ্ভিদবিজ্ঞান বিভাগে এডহক ভিত্তিতে দুইজন প্রভাষক নিয়োগ করা হইয়াছে। ১৯৭৩ সালের বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ অনুযায়ী তখনই ভাইস চ্যান্সেলর এডহক ভিত্তিতে নিয়োগ দিতে পারেন, যখন কোন বিভাগে তাৎক্ষণিকভাবে শিক্ষক নিয়োগ করার প্রয়োজন দেখা দেয় এবং প্রচলিত পদ্ধতিতে শিক্ষক নিয়োগ সময় সাপেক্ষ বলিয়া প্রতিভাত হয়। বর্তমানে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় অনির্দিষ্টকালের জন্য বন্ধ রহিয়াছে। যখন বিশ্ববিদ্যালয়ের পাঠদান, পরীক্ষা গ্রহণ ইত্যাদি কার্যক্রম বন্ধ তখন তড়িঘড়ি এই নিয়োগ দানের বিষয়টি বোধগম্য নহে। আর নির্বাচন কমিটির কোন সদস্যের আত্মীয়-স্বজন যখন নিয়োগ প্রার্থী হন, তখন নির্বাচন কমিটির ঐ সদস্যকে প্রতিস্থাপন করার বিধি থাকিলেও এই ক্ষেত্রে তাহার ব্যত্যয় ঘটিয়াছে। এমতাবস্থায়, প্রচলিত রীতি-নীতি উপেক্ষা করিয়া অত্র নিয়োগ দানের বিষয়টির প্রতি সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

-নাম প্রকাশে অনিচ্ছুক।